গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
বাজেট ও অডিট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৩৮.০১৬.০০৪.১৬.৬২ তারিখ: ২১/০৩/২০১৬খ্রিঃ

বিষয় : ২০১৬-১৭ অর্থবছরের বাজেট বক্তৃতায় অন্তর্ভুক্ত করার জন্য তথ্য-উপাত্ত সম্বলিত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : সিনিয়র সচিব, অর্থ বিভাগ অর্থ মন্ত্রণালয়ের আ.স.প.নং-০৭.০৯৪.০১৬.০০.০০.১০২.২০১৬-৬০, ০৭/০৩/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের মাধ্যমে আগামী ২০১৬-১৭ অর্থবছরের বাজেট বক্তৃতাকে তথ্যসমৃদ্ধ এবং সরকারের চলমান কার্যক্রম আর ভবিষ্যৎ কর্মকান্ডের অর্থবহ দলিল হিসেবে উপস্থাপন করার লক্ষ্যে কতিপয় বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

এমতাবস্থায়, সূত্রোক্ত পত্রের ছায়ালিপি প্রেরণপূর্বক পত্রের নির্দেশনা মোতাবেক আগামী ২০১৬-১৭ অর্থবছরের বাজেট বক্তৃতায় অন্তর্ভুক্ত করার নিমিত্ত তথ্য-উপাত্ত সম্বলিত একটি প্রতিবেদন আগামী ২৭/০৩/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে ভূমি মন্ত্রণালয়ের বাজেট ও অডিট শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ০১ (এক) ফর্দ্দ।

(এ.ইউ.এস.এম সাইফুল্লাহ)
যুগ্মসচিব (বাজেট)
ফোন : ৯৫৪০১৬৭ (অঃ)

কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। চেয়ারম্যান, ভূমি আপিল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
০৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
০৪। যুগ্মসচিব (উন্নয়ন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ৩/এ নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা।
০৬। উপপ্রধান, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সচিব, ল্যান্ড কমিশন, মাস্টার পাড়া খাগড়াছড়ি পার্বত্য এলাকা, খাগড়াছড়ি জেলা।
০৮। হিসাবনিয়ন্ত্রক (রাজস্ব), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে প্রেরণ করা হলো :

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
০২। যুগ্মসচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। যুগ্মসচিব (বাজেট) মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৩। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ( ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪। অফিস কপি।
০৫। মাস্টার কপি।

মাহবুব আহমেদ
সিনিয়র সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

ভূমি মন্ত্রণালয়
সচিবের দপ্তর
10 MAR 2016

আ.স.প. নং- ০৭.০৯৪.০১৬.০০.০০.১০২.২০১৬-

তারিখ: ২৪ ফাল্গুন, ১৪২২
০৭ মার্চ, ২০১৬

প্রিয় মেজবাহ,

আপনার নিশ্চয়ই জানা আছে, বাজেট বক্তৃতা সরকারের অর্থনৈতিক কর্মকান্ডের একটি গুরুত্বপূর্ণ দলিল। মাননীয় অর্থমন্ত্রী বাজেট বক্তৃতার মাধ্যমে সরকারের চলমান কার্যক্রম ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা, প্রবৃদ্ধির সম্ভাবনাসহ সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি, বাজেট কাঠামো ও অগ্রাধিকার খাতভিত্তিক সম্পদ সঞ্চালন ইত্যাদি বিষয়ে একটি স্বচ্ছ ধারণা জনগণের সামনে তুলে ধরেন। বিগত বছরগুলোতে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহে আপনার আন্তরিক সহযোগিতা বাজেট বক্তৃতা প্রণয়নের কাজকে অনেক সহজ করেছে। আমার বিশ্বাস এবারও আপনার মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহের কাজটি সময়মত ও সুচারুরূপে সম্পাদন করবে।

০২। আমি নিশ্চিত যে, বাজেট বক্তৃতা প্রণয়নে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সম্পর্কে আপনি সম্যক অবগত আছেন। তারপরও আগামী ২০১৬-১৭ অর্থবছরের বাজেট বক্তৃতাকে তথ্যসমৃদ্ধ এবং সরকারের চলমান আর ভবিষ্যৎ কর্মকান্ডের অর্থবহ দলিল হিসেবে উপস্থাপন করার লক্ষ্যে আপনার মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সংশ্লিষ্ট কতিপয় বিষয়ে আপনার বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি:

| ক্রম | প্রয়োজনীয় তথ্য-উপাত্ত |
|---|---|
| ১ | ২০০৮-০৯ হ'তে ২০১৪-১৫ অর্থবছর পর্যন্ত উল্লেখযোগ্য অর্জন (বুলেট পয়েন্ট আকারে গুরুত্বের ক্রমানুসারে) |
| ২ | ২০১৫-১৬ অর্থবছরের উল্লেখযোগ্য অর্জন (বিশেষতঃ ২০১৫-১৬ অর্থবছরের বাজেটে প্রতিশ্রুত কার্যক্রমসমূহ) |
| ৩ | ২০১৬-১৭ অর্থবছরের কর্ম-পরিকল্পনা (সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার সাথে সামঞ্জস্য বজায় রেখে) |
| ৪ | মধ্যমেয়াদি কর্ম পরিকল্পনা (২০১৬-১৭ হ'তে ২০১৮-১৯ পর্যন্ত) |

০৩। উপরের অনুচ্ছেদে বর্ণিত তথ্য-উপাত্তের পাশাপাশি আপনার মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার উল্লেখযোগ্য অর্জন, সংস্কার ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহের (প্রযোজ্য ক্ষেত্রে) আলোকে উপস্থাপন করার জন্যও বিশেষভাবে অনুরোধ করছি:

- ✓ অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি বিশেষ করে দারিদ্র্য ও অসমতা হ্রাস এবং আর্থ-সামাজিক অগ্রগতি
- ✓ ভৌত অবকাঠামো বিনির্মাণ (বিদ্যুৎ ও জ্বালানি; যোগাযোগ অবকাঠামো, কৃষি, পানিসম্পদ ও পল্লী উন্নয়ন)
- ✓ মানব সম্পদ উন্নয়ন (শিক্ষা, দক্ষতা উন্নয়ন, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, বিজ্ঞান ওপ্রযুক্তি)
- ✓ জনকল্যাণ (খাদ্য নিরাপত্তা, সামাজিক সুরক্ষা, নারী ও শিশু উন্নয়ন, মুক্তিযোদ্ধা, প্রবাসী ও সুবিধাবঞ্চিতদের কল্যাণ, অভ্যন্তরীণ ও বৈদেশিক কর্মসংস্থান)
- ✓ শিল্পায়ন, বিনিয়োগ, বাণিজ্য
- ✓ ডিজিটাল বাংলাদেশ গঠন
- ✓ দেশীয় কৃষ্টি, সংস্কৃতি, ক্রীড়া ও ঐতিহ্য সংরক্ষণ, মুক্তিযুদ্ধের চেতনা
- ✓ আঞ্চলিক ও উপ-আঞ্চলিক সহযোগিতা
- ✓ আবাসন ও পরিকল্পিত নগরায়ন
- ✓ জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সুরক্ষা
- ✓ সুশাসন (প্রশাসনিক সংস্কার, জনশৃঙ্খলা, স্থানীয় সরকার, ভূমি প্রশাসন ও ব্যবস্থাপনা, ব্যাংক ও আর্থিক খাত, আইনের শাসন, জবাবদিহিতা, দুর্নীতি দমন, ব্যবসা পরিবেশ উন্নয়ন, অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা)
- ✓ পিপিপি খাতে গৃহীত কার্যক্রম এবং
- ✓ নিজ অধিক্ষেত্রভুক্ত প্রাসঙ্গিক অন্য যে কোন গুরুত্বপূর্ণ বিষয়

০৪। প্রতিবেদনে আপনার মন্ত্রণালয়/বিভাগের Key Performance Indicator বা Outcome indicator সম্পর্কিত তথ্য থাকলে তা হবে অত্যুত্তম। অধিকন্তু ৭ম পঞ্চবার্ষিক পরকল্পনার আলোকে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG ) অর্জনের উদ্দেশ্যে গৃহীত/পরিকল্পিত কার্যক্রম সম্পর্কিত তথ্য বাজেট বক্তৃতাকে সমৃদ্ধ করবে। আপনার মন্ত্রণালয়ের প্রতিবেদনটিকে যতটা সম্ভব সুনির্দিষ্ট, সংক্ষিপ্ত ও পরিসংখ্যানভিত্তিক করার জন্যও বিশেষ অনুরোধ রইলো।

০৫। বর্ণিত বিষয়গুলো বিবেচনায় নিয়ে আগামী ২০১৬-১৭ অর্থবছরের বাজেট বক্তৃতায় অন্তর্ভুক্ত করার জন্য আপনার মন্ত্রণালয়/বিভাগের তথ্য-উপাত্ত সম্বলিত একটি প্রতিবেদন (বাংলা নিকষ ফন্টে) আগামী ৩১ মার্চ ২০১৬ তারিখের মধ্যে অর্থ বিভাগের উপ-সচিব (রাজস্ব নীতি-৩) ড. মোঃ মইনুল হক আনছারী এর নিকট এবং প্রতিবেদনের সফট্ কপি manshary@finance.gov.bd অথবা sfarid2@finance.gov.bd এ প্রেরণের বিষয়ে আপনার ব্যক্তিগতউদ্যোগ কামনা করছি। আপনাকে অশেষ ধন্যবাদ।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার

(মাহবুব আহমেদ)

জনাব মেজবাহ-উল-আলম
সচিব, ভূমি মন্ত্রণালয়
ভবন নং-৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।